

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ



সংবাদকক্ষ : ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

সংবাদ গতিধারা

স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-১০৭/২০২২-২০২৩
ময়মনসিংহ, ১৩ ফেব্রুয়ারি, সোমবার ২০২৩, ৩০ মাঘ ১৪২৯

আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে:

- ০১। রাষ্ট্রপতি পদে আওয়ামী লীগের মনোনীত প্রার্থী মোহাম্মদ সাহাবুদ্দিন, প্রধানমন্ত্রীর অভিনন্দন
- ০২। বাংলাদেশ আর কখনো পেছনে ফিরে তাকাবে না: প্রধানমন্ত্রী
- ০৩। ফসলের উন্নত জাত ও আধুনিক চাষাবাদ কৃষকদের মাঝে ছড়িয়ে দিতে গ্র্যাজুয়েটদের প্রস্তুত করতে হবে: কৃষিমন্ত্রী
- ০৪। তারুণ্যের মেধা এবং প্রযুক্তির শক্তিকে যদি আমরা একত্রিত করে দিতে পারি, তাহলেই বিশ্ব জয় করা সম্ভব: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী
- ০৫। ময়মনসিংহের ফুলবাড়িয়ার বাবুগঞ্জ হাইস্কুলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত

০১। রাষ্ট্রপতি পদে আওয়ামী লীগের মনোনীত প্রার্থী মোহাম্মদ সাহাবুদ্দিন, প্রধানমন্ত্রীর অভিনন্দন

দেশের ২২তম রাষ্ট্রপতি পদে আওয়ামী লীগের মনোনয়ন পেয়েছেন দুদকের সাবেক কমিশনার এবং অবসরপ্রাপ্ত জেলা ও দায়রা জজ মোহাম্মদ সাহাবুদ্দিন চুপ্পু। তিনি আওয়ামী লীগের উপদেষ্টা পরিষদেরও সদস্য। রবিবার (১২ ফেব্রুয়ারি) আওয়ামী লীগের মনোনয়ন পেয়ে এদিন সকালে তিনি প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গণভবনে সৌজন্য সাক্ষাৎ করেন। এসময় প্রধানমন্ত্রী তাকে ফুল দিয়ে শুভেচ্ছা ও অভিনন্দন জানান। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক নিউ টাইমস, দৈনিক জাহান, দৈনিক উর্মিবাংলা প্রতিদিন ও দৈনিক দেশের খবর।

০২। বাংলাদেশ আর কখনো পেছনে ফিরে তাকাবে না: প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বাংলাদেশ আর কখনো পেছনে ফিরে তাকাবে না। একটি স্মার্ট, উন্নত ও সমৃদ্ধ বাংলাদেশ হয়ে উঠার জন্য এগিয়ে যাবে। তিনি বলেন, বাংলাদেশ এগিয়ে যাচ্ছে এবং তা অব্যাহত থাকবে। রবিবার (১২ ফেব্রুয়ারি) গাজীপুরের সফিপুরে আনসার ও ভিডিপি একাডেমিতে বাংলাদেশ আনসার ও ভিডিপির '৪৩তম জাতীয় সমাবেশ-২০২৩' এ প্রধান অতিথির ভাষণে প্রধানমন্ত্রী একথা বলেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক নিউ টাইমস, দৈনিক জাহান, আজকের বাংলাদেশ ও দৈনিক দেশের খবর।

০৩। ফসলের উন্নত জাত ও আধুনিক চাষাবাদ কৃষকদের মাঝে ছড়িয়ে দিতে গ্র্যাজুয়েটদের প্রস্তুত করতে হবে: কৃষিমন্ত্রী

কৃষিমন্ত্রী মো. আব্দুর রাজ্জাক বলেছেন, জমি হ্রাস, জনসংখ্যা বৃদ্ধি, জলবায়ু পরিবর্তনসহ নানামুখী চ্যালেঞ্জ মোকাবিলা করে ভবিষ্যতে কৃষি উৎপাদন ও খাদ্য নিরাপত্তাকে টেকসই করতে হলে জলবায়ু সহনশীল ও উচ্চফলনশীল ফসলের জাত ও আধুনিক চাষাবাদ পদ্ধতি উদ্ভাবন করে কৃষকদের মাঝে তা দ্রুত ছড়িয়ে দিতে হবে। রবিবার (১২ ফেব্রুয়ারি) সকালে ময়মনসিংহের কৃষি বিশ্ববিদ্যালয় স্টেডিয়ামে অনুষ্ঠিত বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের অষ্টম সমাবর্তন অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে মন্ত্রী এসব কথা বলেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক আজকের ময়মনসিংহ, দৈনিক সবুজ, আজকের বাংলাদেশ, দৈনিক নিউ টাইমস, দৈনিক জাহান, দৈনিক আজকের খবর, দৈনিক উর্মিবাংলা প্রতিদিন ও দৈনিক দেশের খবর।

০৪। তারুণ্যের মেধা এবং প্রযুক্তির শক্তিকে যদি আমরা একত্রিত করে দিতে পারি, তাহলেই বিশ্ব জয় করা সম্ভব: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক বলেছেন, আমাদের তারুণ-তারুণীদের জব ক্রিয়েটর হতে হবে। তারুণ্যের মেধা এবং প্রযুক্তির শক্তিকে যদি আমরা একত্রিত করে দিতে পারি, তাহলেই বিশ্ব জয় করা সম্ভব। রবিবার (১২ ফেব্রুয়ারি) সন্ধ্যায় ময়মনসিংহের ধোবাউড়ায় গারো ব্যাপ্টিস্ট কনভেনশন এর বার্ষিক সাধারণ সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে তিনি এই কথা বলেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ।

০৫। ময়মনসিংহের ফুলবাড়িয়ার বাবুগঞ্জ হাইস্কুলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত

রবিবার (১২ ফেব্রুয়ারি) ময়মনসিংহের ফুলবাড়িয়া উপজেলার রাজামাটিয়া ইউনিয়নের বাবুগঞ্জ উচ্চ বিদ্যালয়ের ৫৫তম বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে। বিদ্যালয় মাঠে আয়োজিত দিনব্যাপী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সরকারি প্রতিশ্রুতি বাস্তবায়ন কমিটির সভাপতি, ময়মনসিংহ-৬ ফুলবাড়িয়া আসনের জাতীয় সংসদ সদস্য আলহাজ্ব মো. মোসলেম উদ্দিন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ ও দৈনিক সবুজ।

সম্পাদকীয়

- (ক) **দৈনিক স্বদেশ সংবাদ ও আজকের বাংলাদেশ:** বেসরকারি বিভিন্ন পর্যায়ের পাশাপাশি সরকারি বিভিন্ন অফিসগুলোতেও নথির নোটশীট ও চিঠিপত্র ভুল বাংলা বানানে লেখা হচ্ছে। অপ্রিয় হলেও সত্য, বাংলা ভাষার প্রতি অবহেলা দিয়েই আমাদের শিক্ষাজীবনের শুরু ও শেষ হয়, যার প্রভাব পড়ে কর্মজীবনেও। এ থেকে উত্তরণে মাতৃভাষা শুদ্ধভাবে লেখা ও পড়াসহ সবক্ষেত্রে প্রমিত বাংলার ব্যবহার নিশ্চিত করতে হবে।
- (খ) **দৈনিক আজকের ময়মনসিংহ, দৈনিক দেশের খবর, দৈনিক সবুজ, দৈনিক নিউ টাইমস ও দৈনিক উর্মিবাংলা প্রতিদিন:** রাজধানীসহ সারাদেশে রাস্তার খাবার বা স্ট্রিট ফুডের দেখা মিলে সচরাচর সবখানেই। স্ট্রিট ফুড প্রস্তুত ও বিক্রয়ের ক্ষেত্রে স্বাস্থ্যবিধি মানা হয় না। ফলে এসব খাবার যারা খাচ্ছেন, তারা বড় ধরনের স্বাস্থ্যঝুঁকিতে থাকেন। ক্রেতাদের এসব খাবার গ্রহণের আগে খাবারগুলো স্বাস্থ্যসম্মত কি না সেদিকটি যেমন নিশ্চিত হওয়া দরকার, তেমনি আইন-শৃঙ্খলা বাহিনীকেও এদিকে নজরদারী বাড়াতে হবে।
- (গ) **দৈনিক স্বজন:** নেপালকে ৩-০ গোলে হারানোর মধ্য দিয়ে সিনিয়রদের মতো সাফ অনূর্ধ্ব-২০ নারী চ্যাম্পিয়নশিপেও এখন সেরা বাংলাদেশ। দেশের নারী ফুটবলের সাফল্য গর্ব করার মতো। জয়ের ধারা অব্যাহত থাকুক, এই প্রত্যাশা ও শুভকামনা সকলের।

প্রবন্ধ/নিবন্ধ

- ০১। হিরো অহিরো বৃত্তের বাইরে থাকুক ভবিষ্যৎ- অজয় দাশ গুপ্ত (দৈনিক স্বজন)
- ০২। ফেব্রুয়ারি আত্মপ্রাণের মাস দীপ্ত আশার মাস- আহমেদ আমিনুল ইসলাম (দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস)
- ০৩। গণতন্ত্রের ধারাবাহিকতা এবং বাংলাদেশের উন্নয়ন- ড. অরুণ কুমার গোস্বামী (দৈনিক দেশের খবর, দৈনিক সবুজ, দৈনিক নিউ টাইমস, দৈনিক আজকের ময়মনসিংহ, দৈনিক উর্মিবাংলা প্রতিদিন)
- ০৪। ভূমিকম্প নিয়ে সচেতন ও সতর্ক হতে হবে- মো. জিল্লুর রহমান (আজকের বাংলাদেশ)

#